

বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের (ICH) কন্টেন্ট আপলোড সংক্রান্ত গাইডলাইন

একটি পূর্ণাঙ্গ ও সফল জাতীয় ইনভেন্টরি প্রস্তুতের লক্ষ্যে নির্ধারিত ওয়েবসাইটে বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের কন্টেন্টগুলো আপলোড করার ক্ষেত্রে নিম্নোক্ত গাইডলাইন অনুসরণ করা যেতে পারে:-

- ১। আপলোডের জন্য কন্ট্রিবিউটরকে একটি ইউজার আইডি তৈরি করে নিতে হবে।
- ২। আইসিএইচপিডিয়ায় কন্টেন্ট আপলোডের ক্ষেত্রে ছবি, ভিডিও ও তথ্য সমূহ মৌলিক হতে হবে। বিভিন্ন উৎস হতে ছবি বা ভিডিও এডিট করে আপলোড করা যাবে না। কপি কৃত বা মৌলিক নয় এমন ছবি, ভিডিও ও তথ্য আপলোড করা হলে তা মডারেটর/চূড়ান্ত অনুমোদনকারী/অ্যাডমিন কর্তৃক বাতিল বলে গণ্য হবে।
- ৩। কোন কন্টেন্ট আপলোডের ক্ষেত্রে সর্বোচ্চ ০৪ (চার)টি ছবি (৫ মেগাবাইটের বেশি নয়) ও ২৫০ মেগাবাইটের ০১ (এক)টি ভিডিও আপলোড করা যেতে পারে।
- ৪। সরবরাহকৃত তথ্যের বিস্তারিত সংবলিত একটি পিডিএফ ডকুমেন্ট ফাইল (১০ মেগাবাইটের বেশি নয়) এবং সরবরাহকৃত নমুনা সম্মতিপত্রের অনুষায়ী একটি সম্মতিপত্র (১০ মেগাবাইটের বেশি নয়) আপলোড করতে হবে। সম্মতিপত্র সংশ্লিষ্ট লিংক থেকে ডাউনলোড করা ডেতে পারে।
- ৫। তথ্য আপলোডের ক্ষেত্রে সেকেন্ডারী উৎসের তথ্য প্যারামফ্রেজ (Paraphrase) করে লিখতে হবে। প্রয়োজনে তথ্য উৎসের সংক্ষিপ্ত রেফারেন্স ব্যবহার করা যাবে।
- ৬। কোন তথ্যাদাতা ও লেখকের উক্তি ব্যবহারের ক্ষেত্রে ডাবল কোটেশন ব্যবহার করতে হবে।
- ৭। কন্টেন্ট সংশ্লিষ্ট কমিউনিটি, ব্যক্তি বা লেখকের ছবি, ভিডিও ও তথ্য ব্যবহারের ক্ষেত্রে লিখিত সম্মতিপত্র আপলোড করা বাধ্যতামূলক। তবে প্রয়োজ্যক্ষেত্রে মৌখিক সম্মতিপত্র সংযোজন করা যাবে।
- ৮। আপলোডকারী ব্যক্তি নিজের কমিউনিটি বা ভিন্ন কমিউনিটির কন্টেন্ট আপলোড করতে পারবেন।
- ৯। কন্টেন্ট আপলোডের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিউনিটির নাম ও কন্টেন্টের স্থানীয় নাম উল্লেখ করতে হবে।
- ১০। একই জাতীয় কন্টেন্ট বিভিন্ন এলাকায় প্রচলিত থাকলে অঞ্চলভিত্তিতে সেই কন্টেন্টগুলোর স্বতন্ত্র বৈশিষ্ট্য চিহ্নিত করে ভিন্ন কন্টেন্ট হিসেবে আপলোড করা যাবে।
- ১১। জাতীয় ইনভেন্টরি প্রস্তুতের প্রারম্ভে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত আইসিএইচ উপাদানগুলোর তালিকাগুলো থেকে নির্বাচিত priority list অনুষায়ী সংশ্লিষ্ট কমিউনিটিকে চিহ্নিত করে কন্টেন্টগুলো আপলোড করতে হবে। উক্ত নির্বাচিত তালিকার আপলোডের কাজ সম্পূর্ণ হলে সারাদেশের আনাচে-কানাচে ছড়িয়ে থাকা জানা অজানা কন্টেন্টগুলো আপলোডের কাজ শুরু করা যাবে ও এটি একটি চলমান প্রক্রিয়া হিসেবে বিবেচিত হবে। তবে চাইলে উক্ত তালিকা ব্যতিত নিজের পছন্দ মোতাবেক কন্টেন্ট আপলোড করা যেতে পারে।
- ১২। কন্টেন্ট আপলোডের ক্ষেত্রে বাংলা ও ইংরেজির যেকোন একটি ভাষা ব্যবহার করা যাবে।
- ১৩। কোন কন্টেন্ট আপলোডের ক্ষেত্রে সর্বোচ্চ ০৪ (চার)টি ছবি (৫ মেগাবাইটের বেশি নয়) ও ২৫০ মেগাবাইটের ০১ (এক)টি ভিডিও আপলোড করা যেতে পারে।
- ১৪। সংশ্লিষ্ট কন্টেন্টের তথ্য আপলোড, ভেরিফিকেশন ও চূড়ান্তকরণ বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্ধারিত ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কমিটি কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপরিউক্ত গাইডলাইন অনুসরণ করে সংশ্লিষ্ট সম্মানিত কমিউনিটি, ব্যক্তি, কন্ট্রিবিউট ব্যক্তিবর্গকে আইসিএইচপিডিয়ায় বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের কন্টেন্টগুলো আপলোডের জন্য অনুরোধ করা যাচ্ছে।